**Signature and Name of Invigilator**

1. (Signature) ______________________

   (Name) ______________________

2. (Signature) ______________________

   (Name) ______________________

**OMR Sheet No. :** ...............................................

(To be filled by the Candidate)

**Roll No.** | | | | | | | | |

(In figures as per admission card)

**Roll No.** ______________________

(In words)

**J 1 9 1 5**

# PAPER - II
# BENGALI

**Time : 1¼ hours]** **[Maximum Marks : 100**

Number of Pages in this Booklet : **24** Number of Questions in this Booklet : **50**

## Instructions for the Candidates

1. Write your roll number in the space provided on the top of this page.
2. This paper consists of fifty multiple-choice type of questions.
3. At the commencement of examination, the question booklet will be given to you. In the first 5 minutes, you are requested to open the booklet and compulsorily examine it as below :
   (i) To have access to the Question Booklet, tear off the paper seal on the edge of this cover page. Do not accept a booklet without sticker-seal and do not accept an open booklet.
   (ii) **Tally the number of pages and number of questions in the booklet with the information printed on the cover page. Faulty booklets due to pages/questions missing or duplicate or not in serial order or any other discrepancy should be got replaced immediately by a correct booklet from the invigilator within the period of 5 minutes. Afterwards, neither the Question Booklet will be replaced nor any extra time will be given.**
   (iii) After this verification is over, the Test Booklet Number should be entered on the OMR Sheet and the OMR Sheet Number should be entered on this Test Booklet.
4. Each item has four alternative responses marked (1), (2), (3) and (4). You have to darken the circle as indicated below on the correct response against each item.

   **Example :** ① ② ● ④ where (3) is the correct response.
5. Your responses to the items are to be indicated in the **OMR Sheet given inside the Booklet only.** If you mark your response at any place other than in the circle in the OMR Sheet, it will not be evaluated.
6. Read instructions given inside carefully.
7. Rough Work is to be done in the end of this booklet.
8. If you write your Name, Roll Number, Phone Number or put any mark on any part of the OMR Sheet, except for the space allotted for the relevant entries, which may disclose your identity, or use abusive language or employ any other unfair means, such as change of response by scratching or using white fluid, you will render yourself liable to disqualification.
9. You have to return the original OMR Sheet to the invigilators at the end of the examination compulsorily and must not carry it with you outside the Examination Hall. You are however, allowed to carry original question booklet and duplicate copy of OMR Sheet on conclusion of examination.
10. **Use only Blue/Black Ball point pen.**
11. **Use of any calculator or log table etc., is prohibited.**
12. **There are no negative marks for incorrect answers.**

## परीक्षार्थियों के लिए निर्देश

1. इस पृष्ठ के ऊपर नियत स्थान पर अपना रोल नम्बर लिखिए।
2. इस प्रश्न-पत्र में पचास बहुविकल्पीय प्रश्न हैं।
3. परीक्षा प्रारम्भ होने पर, प्रश्न-पुस्तिका आपको दे दी जायेगी। पहले पाँच मिनट आपको प्रश्न-पुस्तिका खोलने तथा उसकी निम्नलिखित जाँच के लिए दिये जायेंगे, जिसकी जाँच आपको अवश्य करनी है :
   (i) प्रश्न-पुस्तिका खोलने के लिए पुस्तिका पर लगी कागज की सील को फाड़ लें। खुली हुई या बिना स्टीकर-सील की पुस्तिका स्वीकार न करें।
   (ii) **कवर पृष्ठ पर छपे निर्देशानुसार प्रश्न-पुस्तिका के पृष्ठ तथा प्रश्नों की संख्या को अच्छी तरह चैक कर लें कि ये पूरे हैं। दोषपूर्ण पुस्तिका जिनमें पृष्ठ/प्रश्न कम हों या दुबारा आ गये हों या सीरियल में न हों अर्थात किसी भी प्रकार की त्रुटिपूर्ण पुस्तिका स्वीकार न करें तथा उसी समय उसे लौटाकर उसके स्थान पर दूसरी सही प्रश्न-पुस्तिका ले लें। इसके लिए आपको पाँच मिनट दिये जायेंगे। उसके बाद न तो आपकी प्रश्न-पुस्तिका वापस ली जायेगी और न ही आपको अतिरिक्त समय दिया जायेगा।**
   (iii) इस जाँच के बाद प्रश्न-पुस्तिका का नंबर OMR पत्रक पर अंकित करें और OMR पत्रक का नंबर इस प्रश्न-पुस्तिका पर अंकित कर दें।
4. प्रत्येक प्रश्न के लिए चार उत्तर विकल्प (1), (2), (3) तथा (4) दिये गये हैं। आपको सही उत्तर के वृत्त को पेन से भरकर काला करना है जैसा कि नीचे दिखाया गया है।

   **उदाहरण :** ① ② ● ④ जबकि (3) सही उत्तर है।
5. प्रश्नों के उत्तर **केवल प्रश्न पुस्तिका के अन्दर दिये गये OMR पत्रक पर ही** अंकित करने हैं। यदि आप OMR पत्रक पर दिये गये वृत्त के अलावा किसी अन्य स्थान पर उत्तर चिन्हांकित करते हैं, तो उसका मूल्यांकन नहीं होगा।
6. अन्दर दिये गये निर्देशों को ध्यानपूर्वक पढ़ें।
7. कच्चा काम (Rough Work) इस पुस्तिका के अन्तिम पृष्ठ पर करें।
8. यदि आप OMR पत्रक पर नियत स्थान के अलावा अपना नाम, रोल नम्बर, फोन नम्बर या कोई भी ऐसा चिह्न जिससे आपकी पहचान हो सके, अंकित करते हैं अथवा अभद्र भाषा का प्रयोग करते हैं, या कोई अन्य अनुचित साधन का प्रयोग करते हैं, जैसे कि अंकित किये गये उत्तर को मिटाना या सफेद स्याही से बदलना तो परीक्षा के लिये अयोग्य घोषित किये जा सकते हैं।
9. आपको परीक्षा समाप्त होने पर मूल OMR पत्रक निरीक्षक महोदय को लौटाना आवश्यक है और परीक्षा समाप्ति के बाद उसे अपने साथ परीक्षा भवन से बाहर न लेकर जायें। हालांकि आप परीक्षा समाप्ति पर मूल प्रश्न-पुस्तिका तथा OMR पत्रक की डुप्लीकेट प्रति अपने साथ ले जा सकते हैं।
10. **केवल नीले/काले बाल प्वाईंट पेन का ही इस्तेमाल करें।**
11. **किसी भी प्रकार का संगणक (कैलकुलेटर) या लाग टेबल आदि का प्रयोग वर्जित है।**
12. **गलत उत्तरों के लिए कोई नकारात्मक अंक नहीं हैं।**

# BENGALI

## বাংলা

## PAPER - II

## প্রশ্নপত্র - II

**Note :** This paper contains **fifty (50)** objective type questions, each question carrying **two (2)** marks. Attempt **all** the questions.

**নির্দেশ :** এই প্রশ্নপত্রে **পঞ্চাশ (50) টি** বিকল্প-সমন্বিত প্রশ্ন আছে। প্রতি প্রশ্নের মান **দুই (2)**। সব প্রশ্নের উত্তর দিতে হবে।

**1.** নীচে একটি **মন্তব্য** ও তার সমর্থনে **যুক্তি** দেওয়া হয়েছে। প্রদত্ত **সংকেত** থেকে সঠিক উত্তর চিহ্নিত করুন :

**মন্তব্য :** ঠিক পরীক্ষার আগেই বিহারী মেডিকেল কলেজ ছেড়ে দিয়েছিল।

**যুক্তি :** কেননা বিষয় সম্পর্কে যতটুকু কৌতূহল ও দক্ষতা লাভ সে আবশ্যক মনে করত তা 'সমাধা' হয়েছিল।

**সংকেত :**

(1) মন্তব্য শুদ্ধ কিন্তু যুক্তি অশুদ্ধ
(2) মন্তব্য ও যুক্তি দুই-ই শুদ্ধ
(3) মন্তব্য অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ
(4) মন্তব্য ও যুক্তি দুই-ই অশুদ্ধ

**2.** 'পিঁড়া হৈতে অদ্বৈতেরে ধরিয়া আনিয়া।

স্বহস্তে কিলায় প্রভু উঠানে পাড়িয়া।।'

চৈতন্য কর্তৃক অদ্বৈত মহাপ্রভুকে নিগৃহীত করার কারণ হচ্ছে :

(1) প্রকৃতি-সম্ভাষণ
(2) শাক্তধর্ম গ্রহণ
(3) জ্ঞানযোগের ব্যাখ্যা
(4) কর্মযোগের স্বপক্ষে মতপ্রকাশ

3. ‘বলাকা’ কাব্যের কোন্ কবিতাটি কোন্ পত্রিকায় প্রকাশিত নিম্নলিখিত দুটি তালিকা থেকে তার সামঞ্জস্য বিধান করে প্রদত্ত **সংকেত** অবলম্বনে সঠিক উত্তরটি নির্বাচন করুন :

| **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** | |
|---|---|---|---|
| (a) | দেওয়া নেওয়া | (i) | ভারতী |
| (b) | প্রেমের পরশ | (ii) | সবুজপত্র |
| (c) | জীবন মরণ | (iii) | প্রবাসী |
| (d) | শেক্স্পিয়র | (iv) | মানসী |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (ii) | (iii) | (iv) | (i) |
| (2) | (iii) | (iv) | (i) | (ii) |
| (3) | (ii) | (i) | (iii) | (iv) |
| (4) | (iv) | (ii) | (i) | (iii) |

4. ‘‘ ‘তৈরী ক’রে’ কথাটাই এখানে ঠিক। কেননা তখন আমি আর ‘কঙ্কাবতী’র আবহাওয়ায় বাস করছি না;’’

‘কঙ্কাবতী’- র যে কবিতা সম্পর্কে বুদ্ধদেবের এই উক্তি সেটি হল :

(1) সেরেনাদ (2) শেষের রাত্রি (3) আরশি (4) কবিতা

5. 'জাগরী' উপন্যাসের অনুসরণে প্রদত্ত প্রসঙ্গগুলির **শুদ্ধ-অশুদ্ধ** বিচার করে **সংকেত** থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

(a) বিলুর জন্ম হয়েছিল বিজয়া দশমীর দিন।

(b) কপিলদেও-এর বিয়ের সময় বিলু গিয়েছিল ওদের বাড়িতে, কিন্তু নীলু যেতে রাজি হয়নি।

(c) বিলু ছারপোকা মেরে তার রক্ত দিয়ে সাইন বোর্ডের মতো লিখত 'অহিংসা পরমোধর্ম'।

(d) সরস্বতী ছিল ছাত্রবৃত্তি পেয়ে পড়াশোনা করা মেয়ে।

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (2) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (3) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (4) | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |

6. 'বিসর্জন' নাটক থেকে চারটি অঙ্ক ও দৃশ্য এবং তার স্থানগুলি যথাক্রমে **প্রথম** ও **দ্বিতীয় তালিকায়** প্রদত্ত হয়েছে। উভয় তালিকায় প্রদত্ত তথ্যের মধ্যে সামঞ্জস্য বিধান করে **সংকেত** থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** | |
|---|---|---|---|
| (a) | প্রথম অঙ্ক, দ্বিতীয় দৃশ্য | (i) | মন্দির |
| (b) | প্রথম অঙ্ক, তৃতীয় দৃশ্য | (ii) | মন্দির সম্মুখে পথ |
| (c) | তৃতীয় অঙ্ক, দ্বিতীয় দৃশ্য | (iii) | প্রাসাদকক্ষ |
| (d) | দ্বিতীয় অঙ্ক, তৃতীয় দৃশ্য | (iv) | রাজসভা |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (ii) | (iii) | (i) | (iv) |
| (2) | (i) | (ii) | (iv) | (iii) |
| (3) | (iv) | (i) | (iii) | (ii) |
| (4) | (iii) | (iv) | (ii) | (i) |

7. কাশিরাম দাসের মহাভারত অবলম্বনে **প্রথম তালিকায়** প্রদত্ত পিতার নামের সঙ্গে **দ্বিতীয় তালিকায়** ধৃত পুত্রের নামের সংগতি বিধান করে **সংকেত** থেকে সঠিক উত্তর নির্বাচন করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | ধৃতরাষ্ট্র | (i) | কাশ্যপ |
| (b) | মরীচি | (ii) | বিরোচন |
| (c) | প্রতীপ | (iii) | যুযুৎসু |
| (d) | হিরন্যকশিপু | (iv) | দেবাপি |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (i) | (iii) | (ii) | (iv) |
| (2) | (iii) | (iv) | (i) | (ii) |
| (3) | (iv) | (ii) | (iii) | (i) |
| (4) | (iii) | (i) | (iv) | (ii) |

8. **প্রথম ও দ্বিতীয় তালিকা** অনুসরনে ‘অর্কেস্ট্রা’ কাব্যগ্রন্থ থেকে নেওয়া কবিতার শেষ পংক্তি ও কবিতার শিরোনামের সামঞ্জস্য বিধান করে প্রদত্ত **সংকেত** থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | আজি আর ফিরিব না শাশ্বতের নিস্ফল সন্ধানে | (i) | ভবিতব্য |
| (b) | আমার উদ্যত অর্ঘ্য, প্রেয়সী তোমার তরে নয় | (ii) | প্রলাপ |
| (c) | সর্বস্বান্ত মর্মে শুধু প’ড়ে রবে অবেদ্য অভাব | (iii) | হৈমন্তী |
| (d) | তুমি ভ্রান্তি যৌবনের, নও নিত্য সৃষ্টির সুষমা | (iv) | কস্মৈ দেবায় |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (iv) | (ii) | (i) | (iii) |
| (2) | (i) | (iv) | (iii) | (ii) |
| (3) | (ii) | (iii) | (iv) | (i) |
| (4) | (iii) | (iv) | (i) | (ii) |

**9.** নীচে 'পদ্মানদীর মাঝি' থেকে **প্রথম তালিকায়** কিছু উক্তি ও **দ্বিতীয় তালিকায়** চরিত্রের নাম দেওয়া হল। উভয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করে প্রদত্ত **সংকেত** থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | মারুম কইলাম নকুইলা, মাইরা লাশ করুম তরে। | (i) | আজান খুড়া |
| (b) | ভুবন সার লগে মামলার কী হইল ক দেহি? | (ii) | সিধু |
| (c) | আমারে না নিয়া ফির‍্যা আলি কুবির? | (iii) | হীরুমাঝি |
| (d) | জিরানের লাইগা মরস ক্যান ক দেখি? | (iv) | কুবের |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (iv) | (iii) | (i) | (ii) |
| (2) | (ii) | (i) | (iv) | (iii) |
| (3) | (iv) | (iii) | (ii) | (i) |
| (4) | (iii) | (iv) | (i) | (ii) |

**10.** সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

'দেবীগর্জন' নাটকে 'করি চিরি পাটি-পারি' গানটি গেয়েছে :

(1) পুরনারীরা (2) গিরি (3) রত্নার সখী (4) রত্না

**11.** সতী সত্য ছাড়ে অতি পাপ বাড়ে

পতি প্রতি ঠারে গতি লঙ্কাগারে।

পিতা শীল নাশে হিতাহিত হাসে

শুভকৃতি পাশে কুকৃতি প্রকাশে।

এই ভুজঙ্গে প্রয়াত ছন্দে কাব্যাংশটির রচয়িতা হলেন :

(1) মুকুন্দ চক্রবর্তী (2) দৌলত কাজি (3) ভারতচন্দ্র (4) আলাওল

12. **প্রথম** ও **দ্বিতীয় তালিকায়** প্রমথ চৌধুরী-র প্রবন্ধ ও প্রবন্ধ গ্রন্থের নাম দেওয়া হয়েছে। তালিকা দু'টির সামঞ্জস্য বিধান ক'রে প্রদত্ত সংকেত থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | বই পড়া | (i) | নানা চর্চা |
| (b) | সবুজ পত্রের মুখপত্র | (ii) | আমাদের শিক্ষা |
| (c) | ভারতচন্দ্র | (iii) | বীরবলের হালখাতা |
| (d) | সবুজপত্র | (iv) | নানা-কথা |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (iv) | (i) | (ii) | (iii) |
| (2) | (iii) | (ii) | (iv) | (i) |
| (3) | (i) | (iii) | (ii) | (iv) |
| (4) | (ii) | (iv) | (i) | (iii) |

13. নিম্নলিখিত **প্রথম তালিকায়** ও **দ্বিতীয় তালিকায়** উল্লেখিত যথাক্রমে পদাবলির চরণের সঙ্গে অষ্টনায়িকার বিশেষ অবস্থার সামঞ্জস্য বিধান করে প্রদত্ত **সংকেত** থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | আওত পরবঞ্চক শঠ নাগর শত-ঘরিয়া। | (i) | স্বাধীনভর্তৃকা |
| (b) | গাঁথলুঁ পদুমিনি ভেল ভুজঙ্গ। | (ii) | খন্ডিতা |
| (c) | সো পুন নাহ গরব-ভরে গরগর<br>ইহ বেদন নহি জানি। | (iii) | কলহান্তরিতা |
| (d) | সহচরি মেলি রাইতনু হেরই<br>শ্রমজল সকলি মিটাই। | (iv) | বিপ্রলব্ধা |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (ii) | (iv) | (iii) | (i) |
| (2) | (iv) | (ii) | (i) | (iii) |
| (3) | (iii) | (i) | (iv) | (ii) |
| (4) | (ii) | (iii) | (iv) | (i) |

**14.** 'সংস্কৃতি শিল্প ইতিহাস' গ্রন্থ থেকে একটি **মন্তব্য** এবং তার সমর্থনে একটি **যুক্তি** প্রদর্শন করা হল। **সংকেত** থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

**মন্তব্য :** সৌন্দর্য-বোধ দ্বারা উদ্বোধিত পার্থিব সত্তার অনুভূতি অথবা অনুভূতির আভাসই হচ্ছে শিল্পের চরম উদ্দেশ্য।

**যুক্তি :** কেননা শিল্পের এই উদ্দেশ্য প্রাচীন মিশরে ব্যাবিলনে, বিশেষ করে প্রাচীন গ্রীসে দেখা যায়।

**সংকেত :**

(1) মন্তব্যটি শুদ্ধ কিন্তু যুক্তি অশুদ্ধ
(2) মন্তব্যটি অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ
(3) মন্তব্য ও যুক্তি দুইই শুদ্ধ
(4) মন্তব্য ও যুক্তি দুইই অশুদ্ধ

**15.** কৃত্তিবাসী রামায়ণের আদিকান্ডের শুরুতে যে সংস্কৃত বন্দনা-মন্ত্র রয়েছে তার প্রথম চরণ হচ্ছে :

(1) রাজেন্দ্রং সত্যসন্ধং দশরথ তনয়ং.......
(2) কাকুৎস্থং করুণাময়ং গুণনিধিং.......
(3) রামং লক্ষ্মণপূর্বজং রঘুবরং.......
(4) বন্দে লোকাভিরামং রঘুকুলতিলকং.......

**16.** 'সংবাদ প্রভাকর'-এর প্রতিটি সংখ্যার 'কন্ঠদেশে মুদ্রিত'

''সতাং মনস্তামরস প্রভাকর : সদৈব সর্ব্বেষু সমপ্রভাকর :''....ইত্যাদি শ্লোকটির রচয়িতা হলেন-

(1) গৌরীশঙ্কর তর্কবাগীশ
(2) রাধানাথ শিরোমণি
(3) প্রেমচন্দ্র তর্কবাগীশ
(4) হরচন্দ্র ন্যায়রত্ন

17. মালাধর বসুর 'শ্রীকৃষ্ণ বিজয়' অনুসারে **প্রথম তালিকায়** প্রদত্ত কৃষ্ণের অবতার রূপের সঙ্গে **দ্বিতীয় তালিকায়** প্রদত্ত ক্রমাঙ্কটির সামঞ্জস্য বিধান করে প্রদত্ত **সংকেত** থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | পরশুরাম | (i) | অষ্টাদশ অবতার |
| (b) | কুর্ম্ম | (ii) | চতুর্দশ অবতার |
| (c) | নরসিংহ | (iii) | একাদশ অবতার |
| (d) | শ্রীরাম | (iv) | ষোড়শ অবতার |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (ii) | (iii) | (iv) | (i) |
| (2) | (iii) | (ii) | (i) | (iv) |
| (3) | (iv) | (iii) | (ii) | (i) |
| (4) | (i) | (iv) | (iii) | (ii) |

18. 'সোনারতরী' কাব্যের যে কবিতার শিরোনামের তলায় কবিতাটি রচনার উপলক্ষ ঘোষিত হয়েছে সেটি হল :-

(1) বর্ষাযাপন (2) দুই পাখি (3) সমুদ্রের প্রতি (4) ঝুলন

19. 'শেফালিকা বোস' এই নামটি জীবনানন্দের যে কবিতায় আছে, সেটি হল :

(1) 'আমাকে তুমি' (2) 'দুজন' (3) 'হরিণেরা' (4) 'তুমি'

**20.** বাংলা সাহিত্যের প্রথম 'ম্যানিফেস্টো' হল :-

(1) 'বিধবা বিবাহ প্রচলিত হওয়া উচিত কিনা এতদ্বিষয়ক প্রস্তাব'

(2) 'বাংলার নব্য লেখকদের প্রতি নিবেদন'

(3) ব্রাহ্মধর্মের আচরনীয় পদ্ধতি

(4) সনাতন হিন্দুধর্ম রক্ষা বিষয়ক প্রস্তাব

**21.** **প্রথম ও দ্বিতীয় তালিকায়** 'পল্লীসমাজ' উপন্যাসের কয়েকটি চরিত্রের নাম ও তাদের উক্তি উল্লেখ করা হয়েছে। তালিকা দু'টির সামঞ্জস্য বিধান করে **সংকেত** সূত্র থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | গোবিন্দ গাঙ্গুলী | (i) | ''...তাইতেই বুঝি তুমি মরেচ রমাদিদি?'' |
| (b) | ক্ষ্যান্তমাসি | (ii) | ''...রসিদ দিতে হয় ছাব্বিশ টাকার , পাই তের টাকা পোনের আনা।'' |
| (c) | বনমালী পাড়ুই | (iii) | ''বিটলে বামুন যতই ফোসলাক, ধর্মদাস- গিন্নীর হাতে ভাঁড়ারের চাবি-টাবি দিও না বাবা.....।'' |
| (d) | লক্ষ্মী | (iv) | ..... আমার মেয়ের ভাবনা তোমাকে ভাবতে হবে না। |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (ii) | (iii) | (iv) | (i) |
| (2) | (iii) | (iv) | (ii) | (i) |
| (3) | (ii) | (iv) | (iii) | (i) |
| (4) | (iv) | (ii) | (i) | (iii) |

22. **প্রথম ও দ্বিতীয় তালিকায়** কয়েকটি চরিত্র ও গল্পের নাম দেওয়া হয়েছে। তালিকা দু'টির সামঞ্জস্য বিধান করে প্রদত্ত **সংকেত** থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | চুকন্দর সিং | (i) | বরযাত্রী |
| (b) | আমির হোসেন | (ii) | ভাঙা চশমা |
| (c) | রঘু বাগদী | (iii) | কুইন অ্যান |
| (d) | হৃদয় প্রামানিক | (iv) | লম্বকর্ণ |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (iv) | (ii) | (i) | (iii) |
| (2) | (i) | (ii) | (iii) | (iv) |
| (3) | (iii) | (i) | (iv) | (ii) |
| (4) | (iv) | (iii) | (i) | (ii) |

23. **প্রথম ও দ্বিতীয় তালিকায়** 'নতুন ইহুদী' নাটকের কয়েকটি সংলাপ ও চরিত্রের নাম দেওয়া হল। তালিকা দুটির সামঞ্জস্য বিধান করে **সংকেত** থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | কতজনার কাছে নাম লিখামু কন তো? | (i) | কেষ্ট |
| (b) | জমি কিনতাছে নাকি? কয় নাই তো ..... | (ii) | মোহন |
| (c) | চুপ যা! কুলীর কাম আমি করুম না ; | (iii) | দুইখ্যা |
| (d) | একটা ছুতা কইর‍্যা আইয়া খালি নাম লিখন..... | (iv) | পন্ডিত |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (iii) | (iv) | (ii) | (i) |
| (2) | (ii) | (iv) | (i) | (iii) |
| (3) | (ii) | (i) | (iv) | (iii) |
| (4) | (iv) | (iii) | (i) | (ii) |

24. প্রদত্ত **সংকেত** অবলম্বনে ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল'-এর অনুসরণে সতীর দশটি রূপের মধ্যে চারটি রূপের সঠিক ক্রম চিহ্নিত করুন :

(a) বগলামুখী (b) ধূমাবতী (c) ছিন্নমস্তা (d) ভৈরবী

**সংকেত :**

(1) (c) → (a) → (b) → (d)
(2) (b) → (d) → (a) → (c)
(3) (d) → (c) → (b) → (a)
(4) (a) → (d) → (c) → (b)

25. **প্রথম তালিকায়** প্রদত্ত ট্র্যাজেডির বিভিন্ন অঙ্গের নামের সঙ্গে **দ্বিতীয় তালিকায়** তাদের স্বরূপ উল্লেখ করা হয়েছে। উভয়ের মধ্যে সামঞ্জস্য বিধান করে **সংকেত** থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :-

| **প্রথম তালিকা** | **দ্বিতীয় তালিকা** |
|---|---|
| (a) প্রলোগ | (i) ট্র্যাজেডির যে অংশের পরে আর কোনো কোরাস থাকে না |
| (b) এপেইসোদ | (ii) কোরাসের প্রথম উক্তি |
| (c) পারোদ | (iii) কোরাসের আবির্ভাবের আগে যা কিছু ঘটে |
| (d) এক্সোদ | (iv) দুটি সম্পূর্ণ কোরাস গানের মধ্যবর্তী অংশ |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (iii) | (iv) | (ii) | (i) |
| (2) | (iv) | (iii) | (i) | (ii) |
| (3) | (ii) | (iv) | (iii) | (i) |
| (4) | (i) | (ii) | (iv) | (iii) |

26. **প্রথম ও দ্বিতীয় তালিকায়** 'সীতা' নাটকের কয়েকটি সংলাপ ও চরিত্রের নাম দেওয়া হল। তালিকা দুটির সামঞ্জস্য বিধান করে **সংকেত** থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** | |
|---|---|---|---|
| (a) | রাঘবের দুঃখ আর সহিতে না পারি | (i) | বশিষ্ঠ |
| (b) | চিত্ত মোর ভরে উঠে আনন্দের পূর্ণ বেদনায় | (ii) | রাম |
| (c) | প্রজার মঙ্গল তার জীবন সাধনা | (iii) | সীতা |
| (d) | যাঁর পুণ্যে এ রাজ্যে অভাব কিছুই নাই | (iv) | বাল্মীকি |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (ii) | (iv) | (i) | (iii) |
| (2) | (iii) | (i) | (iv) | (ii) |
| (3) | (i) | (iii) | (iv) | (ii) |
| (4) | (iv) | (iii) | (ii) | (i) |

27. 'প্রান্তিক' কাব্যের চারটি কবিতার প্রথম ছত্র এবং কবিতার সংখ্যা নীচের দুটি তালিকায় দেওয়া হল। প্রদত্ত **সংকেত** থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :-

| **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** | |
|---|---|---|---|
| (a) | যাবার সময় হল বিহঙ্গের | (i) | 17 সংখ্যক কবিতা |
| (b) | যেদিন চৈতন্য মোর মুক্তি পেল | (ii) | 18 সংখ্যক কবিতা |
| (c) | শেষের অবগাহন সাঙ্গ করো, কবি | (iii) | 14 সংখ্যক কবিতা |
| (d) | নাগিনীরা চারিদিকে ফেলিতেছে.... | (iv) | 12 সংখ্যক কবিতা |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (i) | (iv) | (iii) | (ii) |
| (2) | (iv) | (ii) | (i) | (iii) |
| (3) | (iii) | (i) | (iv) | (ii) |
| (4) | (ii) | (iii) | (i) | (iv) |

**28.** মধুসূদনের 'কৃষ্ণকুমারী নাটক' প্রথম অভিনীত হয় :

(1) বেঙ্গল থিয়েটার-এ
(2) জোড়াসাঁকো নাট্যমঞ্চ-এ
(3) বেলগাছিয়া নাট্যমঞ্চ-এ
(4) শোভাবাজার নাট্যশালা-য়

**29.** সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

'' 'মালঞ্চে' মানতেই হয়, নীরজার চরিত্র উৎকট অবিচারের দৃষ্টান্তস্থল''-মন্তব্যটি করেছেন :

(1) প্রমথ চৌধুরী
(2) বুদ্ধদেব বসু
(3) শ্রী কুমার বন্দ্যোপাধ্যায়
(4) সরোজ বন্দ্যোপাধ্যায়

**30.** **প্রথম ও দ্বিতীয় তালিকায়** যতীন্দ্রনাথ সেনগুপ্ত-র বিভিন্ন কবিতার শেষ লাইন ও কবিতার নাম দেওয়া হয়েছে। তালিকা দু'টির সামঞ্জস্য বিধান করে সংকেত সূত্র থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** | |
|---|---|---|---|
| (a) | ঘুমাইতে দাও, আসল ভোরের এখনো বহুৎ দেরী! | (i) | জীবন ও মৃত্যু |
| (b) | মরণের আগে মরণের ভয় কারো কভু কাটে নাই। | (ii) | ভক্তির ভারে |
| (c) | দেখিব বন্ধু, মরার উপরে কত খাঁড়ার ঘা চলে। | (iii) | ক্ষণিকের জাগরণ |
| (d) | বুকের উপর হারানো মুখের জপের মুন্ডমালা। | (iv) | নবপন্থা |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (iii) | (i) | (iv) | (ii) |
| (2) | (iv) | (iii) | (i) | (ii) |
| (3) | (ii) | (iv) | (iii) | (i) |
| (4) | (iii) | (ii) | (iv) | (i) |

31. ‘ভুশন্ডীর মাঠে’ গল্পের নাদু মল্লিক প্রথম গানটি যে তালে গেয়েছিল তা হল :

(1) দাদরা (2) ত্রিতাল (3) চৌতাল (4) একতাল

32. অশোকের ব্রাহ্মী লিপিতে যা ∴ প্রাচীন বাংলা লিপিতে সেটি হল :-

(1) অ (2) আ (3) ই (4) ঈ

33. ‘সারদামঙ্গল’-এর উদ্ধৃত ছত্রের শূন্যস্থানের শব্দটিকে চিহ্নিত করুন :

‘ঝটিকা ---------- মেয়ে’

(1) দুরন্ত (2) চঞ্চল (3) অস্থির (4) চপলা

34. **প্রথম ও দ্বিতীয় তালিকা** থেকে চর্যাকারের নাম ও গুরুসম্পর্কিত উক্তির সামঞ্জস্য বিধান করে প্রদত্ত **সংকেত** থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | লুইপাদ | (i) | গুরু বোব সে সীস কাল |
| (b) | ডোম্বীপাদ | (ii) | সদগুরু বোহে করিহ সো নিচ্চল |
| (c) | কাহ্নপাদ | (iii) | গুরু পুচ্ছিঅ জান |
| (d) | ভুসুকু পাদ | (iv) | সদগুরু পাঅপত্রঁ জাইব পুণু জিণউরা |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (i) | (ii) | (iv) | (iii) |
| (2) | (iii) | (iv) | (i) | (ii) |
| (3) | (iii) | (i) | (ii) | (iv) |
| (4) | (ii) | (iii) | (iv) | (i) |

35. নীচে একটি **মন্তব্য** ও তার পক্ষে **যুক্তি** প্রদর্শিত হয়েছে। **সংকেত** থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :-

**মন্তব্য :** কলকাতা ফিরে যাওয়ার সময় পোস্টমাস্টার- এর মধ্যে রতনের জন্যে কোনো বেদনা বা দুঃখ জাগেনি।

**যুক্তি :** কেননা জীবনে বিচ্ছেদ ও মৃত্যুর তত্ত্বটি তিনি জানতেন-'পৃথিবীতে কে কাহার ?'

**সংকেত :**

(1) মন্তব্য ও যুক্তি দুইই সত্য
(2) মন্তব্য অসত্য কিন্তু যুক্তি সত্য
(3) মন্তব্য ও যুক্তি দুইই অসত্য
(4) মন্তব্য সত্য কিন্তু যুক্তি অসত্য

36. **প্রথম তালিকায়** প্রদত্ত কবিতার সঙ্গে **দ্বিতীয় তালিকায়** দেওয়া কবির নামে সামঞ্জস্য বিধান করে প্রদত্ত **সংকেত** সূত্র থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| **প্রথম তালিকা** | **দ্বিতীয় তালিকা** |
|---|---|
| (a) জীবনের গান | (i) নজরুল |
| (b) ঝিঙে ফুল | (ii) যতীন্দ্রনাথ সেনগুপ্ত |
| (c) আফিমের ফুল | (iii) প্রেমেন্দ্র মিত্র |
| (d) দেশোদ্ধার | (iv) সত্যেন্দ্রনাথ দত্ত |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (i) | (ii) | (iii) | (iv) |
| (2) | (ii) | (iv) | (i) | (iii) |
| (3) | (iii) | (i) | (iv) | (ii) |
| (4) | (iv) | (i) | (ii) | (iii) |

37. ‘শ্রীকৃষ্ণকীর্তন’-এর যে পদটিতে বৈষ্ণবীয় মধুর রসের আত্মসমর্পণের ভাব প্রধান হয়ে উঠেছে, সেটি হল :

(1) ঘৃত দধি দুধে বড়ায়ি পসার সাজিলো গো....
(2) ভাদর মাসের তিথি চতুর্দ্দশীর রাতী।
(3) কে না বাঁশী বাত্র বড়ায়ি কালিনী নইকুলে।
(4) পাখি জাতি নহোঁ বড়ায়ি উড়ী পড়ি যাওঁ।

38. মধ্যভারতীয় আর্য ভাষায় ‘হৃদয়’ শব্দের ধ্বনিগত পরিবর্তন চারটি উপভাষা অবলম্বনে দেওয়া হল। **প্রথম তালিকার** সঙ্গে **দ্বিতীয় তালিকার** সামঞ্জস্য বিধান করে **সংকেত** থেকে সঠিক উত্তরটি নির্দেশ করুন :

| **প্রথম তালিকা** | **দ্বিতীয় তালিকা** |
|---|---|
| (a) হিদঅ | (i) মাহরাষ্ট্রী |
| (b) হিতপ | (ii) শৌরসেনী |
| (c) হডক্ক | (iii) পৈশাচী |
| (d) হিঅঅ | (iv) মাগধী |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (iii) | (ii) | (iv) | (i) |
| (2) | (iv) | (i) | (iii) | (ii) |
| (3) | (i) | (iv) | (ii) | (iii) |
| (4) | (ii) | (iii) | (iv) | (i) |

39. **প্রথম ও দ্বিতীয় তালিকা** থেকে 'গৈরিক পতাকা' নাটকের দ্বিতীয় অঙ্কের প্রথম চারটি দৃশ্যের সঙ্গে স্থানের সামঞ্জস্য বিধান করে **সংকেত** থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | প্রথম দৃশ্য | (i) | জাবলী দুর্গের একটি কক্ষ |
| (b) | দ্বিতীয় দৃশ্য | (ii) | প্রতাপগড়ের দুর্গ পাদমূলে শিবির |
| (c) | তৃতীয় দৃশ্য | (iii) | বিজাপুর দরবার |
| (d) | চতুর্থ দৃশ্য | (iv) | রায়গড় প্রাসাদের একটি কক্ষ |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (iv) | (iii) | (ii) | (i) |
| (2) | (i) | (iii) | (iv) | (ii) |
| (3) | (ii) | (i) | (iv) | (iii) |
| (4) | (iii) | (ii) | (i) | (iv) |

40. 'বাঙালী জীবনে রমণী' গ্রন্থ থেকে কয়েকটি **শুদ্ধ-অশুদ্ধ** মন্তব্য দেওয়া হল। **সংকেত** থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

(a) ইউরোপীয় সভ্যতার সংস্পর্শে বাঙালির মানসিক পরিবর্তনের প্রধান সাক্ষী ভাষা।

(b) প্রেমকে অনুভব করিতে হইলে মানসিক শক্তি বা প্রতিভার আবশ্যক আছে বলে মনে করি না।

(c) কাম-এর ক্ষেত্রেও উচ্চ-নীচ, ভদ্র-ইতর, শ্রদ্ধেয় ও ঘৃণ্য, লোকোত্তর ও লৌকিক-নানা রূপ আছে।

(d) ইউরোপীয়রা রোমান্টিক প্রেমের অনুভূতি পায় মধ্যযুগের শুরুতেই।

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ |
| (2) | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ |
| (3) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (4) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |

41. নীচে কয়েকটি **শুদ্ধ-অশুদ্ধ** মন্তব্য দেওয়া হয়েছে। প্রদত্ত **সংকেত** থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

(a) দ্বিস্বরের বিশ্লেষণে বাংলায় সন্নিকৃষ্ট স্বরধ্বনির উদ্ভব হয়েছে।

(b) পদমধ্যবর্তী ও পদান্ত ই (ঈ) - কার অভিশ্রুতির ফলে লুপ্ত হয়েছে।

(c) স্বরমধ্যবর্তী ব্যঞ্জন ধ্বনির লোপের ফলে সন্নিকৃষ্ট স্বরধ্বনি বাংলায় অবিকৃত রয়েছে।

(d) কখনো কখনো য়-শ্রুতি সন্নিকৃষ্ট দুই স্বরধ্বনিকে অন্তরিত করে দেয়।

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (2) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (3) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (4) | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |

42. **প্রথম তালিকায়** কলিঙ্গবাসী ও **দ্বিতীয় তালিকায়** তাদের আক্ষেপোক্তির উল্লেখ করা হয়েছে। উভয় তালিকার সামঞ্জস্য বিধান করে **সংকেত** থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** | |
|---|---|---|---|
| (a) | ভাঁড়ুদত্ত | (i) | কোথা ভেস্যা গেল মোর গুড় তিসি মাস |
| (b) | দেশমুখ | (ii) | হাজিল বিলের শস্য..... |
| (c) | মহেশ্বর দাস | (iii) | উঠানে ডুবিয়া মরি না জানি সাঁতার |
| (d) | বুলান মন্ডল | (iv) | স্রোতে ভেস্যা গেল মোর কাপাসের ডোল |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (iii) | (iv) | (i) | (ii) |
| (2) | (ii) | (iii) | (iv) | (i) |
| (3) | (i) | (iv) | (iii) | (ii) |
| (4) | (iv) | (i) | (ii) | (iii) |

43. বিদ্যাসাগরের ' বিধবাবিবাহ প্রচলিত হওয়া উচিত কিনা এতদ্বিষয়ক প্রস্তাব'-এর অন্তর্গত 'বিধবাবিবাহ দ্বিতীয় পুস্তক' অনুসরণে একটি **মন্তব্য** ও তার সমর্থনে **যুক্তি** দেওয়া হয়েছে। প্রদত্ত **সংকেত** থেকে সঠিক উত্তর চিহ্নিত করুন :-

**মন্তব্য :** দিধিষূপতি অথবা পূর্বাপর পতি - উভয়ই দৈবপৈত্র্যকর্মে যত্নপূর্বক বর্ণনীয়।

**যুক্তি :** কারণ, উভয়েই দ্বিতীয়বার বিবাহিতা স্ত্রীর পতি।

**সংকেত :**

(1) মন্তব্য ও যুক্তি দুইই শুদ্ধ
(2) মন্তব্য ও যুক্তি দুইই অশুদ্ধ
(3) মন্তব্য শুদ্ধ কিন্তু যুক্তি অশুদ্ধ
(4) মন্তব্য অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ

44. **প্রথম তালিকার** সঙ্গে **দ্বিতীয় তালিকার** সামঞ্জস্য বিধান করে - **সংকেত** থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| | **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** |
|---|---|---|---|
| (a) | জামে কাম কি কামে জাম | (i) | অধিকরণে-'এ' |
| (b) | ধামার্থে চাটিল সাঙ্কম গঢ়ই | (ii) | কর্তায়-'এ' |
| (c) | মণিমূলে বহিআ ওড়িআনে সমাঅ | (iii) | সম্প্রদানে-'এ' |
| (d) | কাহ্নে গাইউ কামচন্ডালী | (iv) | অপাদানে-'এ' |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (ii) | (iii) | (iv) | (i) |
| (2) | (iv) | (i) | (iii) | (ii) |
| (3) | (iii) | (iv) | (i) | (ii) |
| (4) | (iv) | (iii) | (i) | (ii) |

**45.** ‘গ্রন্থকারকে না জানিলে তাহার গ্রন্থ এরূপে বুঝিতে পারিতাম কিনা বলিতে পারি না।’-যাঁর সম্পর্কে বঙ্কিমচন্দ্রের এই স্বীকারোক্তি তিনি হলেন :-

(1) ঈশ্বরচন্দ্র গুপ্ত (2) দীনবন্ধু মিত্র (3) রমেশচন্দ্র দত্ত (4) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

**46.** ‘রাজা ও রানী’ নাটক থেকে **প্রথম তালিকায়** চারটি চরিত্রের নাম ও **দ্বিতীয় তালিকায়** তাদের পরিচয় প্রদত্ত হল। উভয় তালিকার মধ্যে সামঞ্জস্য বিধান করে **সংকেত** থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

| **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** | |
|---|---|---|---|
| (a) | দেবদত্ত | (i) | কুমারের পুরাতন বৃদ্ধ ভৃত্য |
| (b) | মিহির গুপ্ত | (ii) | কাশ্মীরের রাজা |
| (c) | চন্দ্রসেন | (iii) | রাজার বাল্যসখা ব্রাহ্মণ |
| (d) | শংকর | (iv) | জয়সেনের অমাত্য |

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | (ii) | (iii) | (i) | (iv) |
| (2) | (iii) | (iv) | (ii) | (i) |
| (3) | (iv) | (ii) | (iii) | (i) |
| (4) | (i) | (iii) | (iv) | (ii) |

47. 'চৈতন্যচরিতামৃত' অনুসরণে কয়েকটি **শুদ্ধ-অশুদ্ধ** মন্তব্য দেওয়া হয়েছে। প্রদত্ত **সংকেত** থেকে সঠিক উত্তর চিহ্নিত করুন :

(a) মহাপ্রভু নীলাচলে জীবনের **18** বৎসর অতিবাহিত করেছিলেন।

(b) কৃষ্ণের স্বাভাবিক তিন শক্তি হচ্ছে চিচ্ছক্তি, জীবশক্তি এবং হ্লাদিনী শক্তি।

(c) বিবর্তবাদের প্রবক্তা ছিলেন শ্রীচৈতন্য মহাপ্রভু।

(d) রায়রামানন্দের ভাইয়ের নাম ছিল গোপীনাথ পট্টনায়ক।

**সংকেত :**

| | **(a)** | **(b)** | **(c)** | **(d)** |
|---|---|---|---|---|
| (1) | অশুদ্ধ | শুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (2) | শুদ্ধ | অশুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
| (3) | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ |
| (4) | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |

48. নীচে একটি **মন্তব্য** এবং তার সমর্থনে **যুক্তি** প্রদর্শন করা হয়েছে। **সংকেত** থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

**মন্তব্য :** ভ্রম, অনবধানতা ও অজ্ঞতাজনিত কারণেও শব্দের অর্থ-পরিবর্তন ঘটে থাকে।

**যুক্তি :** যেমন 'মন্দির' শব্দের অর্থ ছিল বাসগৃহ; কিন্তু বর্তমানে এর অর্থ দাঁড়িয়েছে দেবগৃহ।

**সংকেত :**

(1) মন্তব্য ও যুক্তি দুইই শুদ্ধ

(2) মন্তব্য ও যুক্তি দুইই অশুদ্ধ

(3) মন্তব্যটি শুদ্ধ কিন্তু যুক্তি অশুদ্ধ

(4) মন্তব্যটি অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ

**49.** নীচে একটি **মন্তব্য** এবং তার সমর্থনে একটি **যুক্তি** প্রদর্শন করা হল। **সংকেত** থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

**মন্তব্য :** কাব্যের দোষের মূল হচ্ছে কবির রসসৃষ্টিশক্তির লাঘব, সহৃদয় পাঠকের চিত্তে সে দোষ মুহূর্তেই প্রতিভাত হয়।

**যুক্তি :** আনন্দবর্ধন কাব্য-সৃষ্টির এই দোষকেই বলেছেন অব্যুৎপত্তিকৃত দোষ।

**সংকেত :**

(1) মন্তব্যটি শুদ্ধ কিন্তু যুক্তি অশুদ্ধ

(2) মন্তব্যটি অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ

(3) মন্তব্য ও যুক্তি দুইই অশুদ্ধ

(4) মন্তব্য ও যুক্তি দুইই শুদ্ধ

**50.** নীচে একটি **মন্তব্য** এবং তার সমর্থনে একটি **যুক্তি** প্রদর্শন করা হল। **সংকেত** থেকে সঠিক উত্তরটি চিহ্নিত করুন :

**মন্তব্য :** এমন অনেক তৎসম শব্দ আছে, যে গুলো তদ্ভব রূপে ভিন্নার্থ প্রকাশিত হয়।

**যুক্তি :** যেমন 'আরতি' শব্দের অর্থ ছিল 'প্রেম'; কিন্তু বর্তমান অর্থ হয়েছে 'পূজার অংশ বিশেষ'।

**সংকেত :**

(1) মন্তব্য ও যুক্তি দুইই অশুদ্ধ

(2) মন্তব্য ও যুক্তি দুইই শুদ্ধ

(3) মন্তব্যটি শুদ্ধ কিন্তু যুক্তি অশুদ্ধ

(4) মন্তব্যটি অশুদ্ধ কিন্তু যুক্তি শুদ্ধ

- o 0 o -

**Space For Rough Work**